# নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
## Noakhali Science and Technology University

সোনাপুর, নোয়াখালী- ৩৮১৪

ই-মেইলঃ infonstu@yahoo.com ওয়েবসাইটঃ www.nstu.edu.bd


## ২০১৪-১৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ১৪টি বিভাগ রয়েছে। বিভাগসমূহ এবং আসন সংখ্যা নিম্নরূপঃ

| বিভাগের নাম | | ডিগ্রির নাম | আসন সংখ্যা |
|---|---|---|---|
| A গ্রুপ | কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন কম্পিউটার সাইন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ৬০ |
| | এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | বিএসসি (অনার্স) ইন এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | ৬০ |
| | এপ্লায়েড ম্যাথমেটিক্স | বিএসসি (অনার্স) ইন এপ্লায়েড ম্যাথমেটিক্স | ৬০ |
| | এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড হ্যাজার্ড স্টাডিজ | বিএসসি (অনার্স) ইন এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড হ্যাজার্ড স্টাডিজ | ৬০ |
| | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি | বিএসসি (অনার্স) ইন ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি | ৬০ |
| B গ্রুপ | ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স | বিএসসি (অনার্স) ইন ফিশারিজ | ৬০ |
| | ফার্মেসী | বি ফার্ম (অনার্স) | ৬০ |
| | মাইক্রোবায়োলজী | বিএসসি (অনার্স) ইন মাইক্রোবায়োলজী | ৬০ |
| | ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স | বিএসসি (অনার্স) ইন ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স | ৬০ |
| | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | বিএসসি (অনার্স) ইন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | ৬০ |
| | কোস্টাল এগ্রিকালচার | বিএসসি (অনার্স) ইন কোস্টাল এগ্রিকালচার | ৬০ |
| C গ্রুপ | ইংরেজী | বিএ (অনার্স) ইন ইংলিশ | ৬০ |
| D গ্রুপ | বিজনেস এডমিনিস্ট্রেশন | বিবিএ (ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশন) | ৩৫ (বিজ্ঞান) + ৩৫ (বাণিজ্য) + ১০ (মানবিক) = ৮০ |
| | ইকোনোমিক্স এন্ড পোভার্টি স্টাডিজ | বিএসএস (অনার্স) ইন ইকোনোমিক্স এন্ড পোভার্টি স্টাডিজ | ২৫ (বিজ্ঞান) + ২০ (মানবিক) + ১৫ (বাণিজ্য) = ৬০ |

**২. ভর্তি পরীক্ষার জন্য যোগ্যতা :**

২.১) **A গ্রুপের জন্য:** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড / মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে ২০১১ অথবা ২০১২ সালে বিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত SSC বা সমমান এবং ২০১৩ অথবা ২০১৪ সালে বিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত HSC বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের আবেদন করতে পারবে। আবেদন করার জন্য SSC বা সমমান পরীক্ষায় GPA ৩.৫ এবং HSC বা সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ কমপক্ষে GPA ৩.০ সহ সর্বমোট GPA ৬.৫ থাকতে হবে। তবে HSC বা সমমান পরীক্ষায় কোন বিষয়ে ছাত্রছাত্রীর C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

GCE `O` লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞানসহ পাঁচটি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান এর মধ্যে যে কোন দুটি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। তবে O লেভেল এবং A লেভেলের কোন বিষয়ে C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

**B গ্রুপের জন্য:** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড / মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে ২০১১ অথবা ২০১২ সালে বিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত SSC বা সমমান এবং ২০১৩ অথবা ২০১৪ সালে বিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত HSC বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের আবেদন করতে পারবে। আবেদন করার জন্য SSC বা সমমান পরীক্ষায় GPA ৩.৫ এবং HSC বা সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ কমপক্ষে GPA ৩.০ সহ সর্বমোট GPA ৬.৫ থাকতে হবে। তবে HSC বা সমমান পরীক্ষায় কোন বিষয়ে ছাত্রছাত্রীর C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

GCE O লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞানসহ পাঁচটি বিষয়ে এবং এ লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান এর মধ্যে যে কোন দু'টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। তবে O লেভেল এবং A লেভেলের কোন বিষয়ে C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

**C গ্রুপের জন্য:** ইংরেজী বিষয়ে ভর্তির ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড / মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে ২০১১ অথবা ২০১২ সালে বিজ্ঞান/বাণিজ্য/মানবিক বিভাগে অনুষ্ঠিত SSC বা সমমান এবং ২০১৩ অথবা ২০১৪ সালে বিজ্ঞান/বাণিজ্য/মানবিক বিভাগে অনুষ্ঠিত HSC বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের আবেদন করতে পারবে। আবেদন করার জন্য মানবিক বিভাগের ছাত্রছাত্রীদের SSC বা সমমান পরীক্ষায় কমপক্ষে GPA ৩.০ এবং HSC বা সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ কমপক্ষে GPA ৩.০ সহ সর্বমোট GPA ৬.০ থাকতে হবে। বিজ্ঞান ও বাণিজ্য বিভাগের ছাত্রছাত্রীদেরকে SSC বা সমমান পরীক্ষায় GPA ৩.৫ এবং HSC বা সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ কমপক্ষে GPA ৩.০ সহ সর্বমোট GPA ৬.৫ থাকতে হবে। তবে HSC বা সমমান পরীক্ষায় কোন বিষয়ে ছাত্রছাত্রীর C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

GCE O লেভেল এবং A লেভেল পরীক্ষায় ছাত্রছাত্রীদের ইংরেজীতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে, তবে কোন বিষয়ে C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

**D গ্রুপের জন্য:** বিজনেস এডমিনিস্ট্রেশন এবং ইকনোমিক্স এন্ড পোভার্টি স্টাডিজ বিষয়ে ভর্তির ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড / মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে ২০১১ অথবা ২০১২ সালে বিজ্ঞান/বাণিজ্য/মানবিক বিভাগে অনুষ্ঠিত SSC বা সমমান এবং ২০১৩ অথবা ২০১৪ সালে বিজ্ঞান/বাণিজ্য/মানবিক বিভাগে অনুষ্ঠিত HSC বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের আবেদন করতে পারবে। আবেদন করার জন্য মানবিক বিভাগের ছাত্রছাত্রীদের SSC বা সমমান পরীক্ষায় কমপক্ষে GPA ৩.০ এবং HSC বা সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ কমপক্ষে GPA ৩.০ সহ সর্বমোট GPA ৬.০ থাকতে হবে। বিজ্ঞান ও বাণিজ্য বিভাগের ছাত্রছাত্রীদেরকে SSC বা সমমান পরীক্ষায় GPA ৩.৫ এবং HSC বা সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ কমপক্ষে GPA ৩.০ সহ সর্বমোট GPA ৬.৫ থাকতে হবে। তবে HSC বা সমমান পরীক্ষায় কোন বিষয়ে ছাত্রছাত্রীর C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

GCE O লেভেল এবং A লেভেল পরীক্ষায় ছাত্রছাত্রীদের ইংরেজীতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে, তবে কোন বিষয়ে C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২.২. ২০১১ সালের পূর্বে SSC বা সমমান বা GCE O লেভেল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা আবেদন করতে পারবে না।

২.৩. A ও B গ্রুপের ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য HSC তে গণিত থাকা অত্যাবশ্যক।

২.৪. বিদেশী ছাত্রছাত্রীরা সরাসরি আবেদন করতে পারবে; তবে আবেদনের সাথে প্রদত্ত সার্টিফিকেটগুলো বিশ্ববিদ্যালয়ের Equivalence Committee এর অনুমোদনসাপেক্ষে তারা ভর্তির যোগ্য বলে গণ্য হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় সরকারী অনুমোদন লাভের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

## ৩. আবেদনের নিয়মাবলীঃ (মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন )

ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য একটি প্রিপেইড টেলিটক মোবাইল ফোন থেকে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

৩.১) একটি প্রিপেইড টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে **NSTU** লিখে, স্পেস দিয়ে HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর, স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর, স্পেস দিয়ে HSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে SSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর, স্পেস দিয়ে SSC পরীক্ষার রোল নম্বর, স্পেস দিয়ে SSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে কাঙ্খিত গ্রুপের কীওয়ার্ডটি লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে। উদাহরণ: **NSTU<space>COM<space>123456<space>2014<space>COM<space>123456<space>2012<space>A**। উদাহরণটি কুমিল্লা বোর্ডের। এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর নিজের HSC এবং SSC পরীক্ষার রোল নম্বর দিতে হবে। কেউ ২০১৩ সালে HSC পাশ করে থাকলে ২০১৪ এর জায়গায় ২০১৩ লিখতে হবে। একইভাবে B গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় C এবং D গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় D লিখতে হবে, অন্যান্য বোর্ডের জন্য কুমিল্লা (COM) এর জায়গায় যথাক্রমে সিলেট (SYL) বরিশাল (BAR) চট্টগ্রাম (CHI) ঢাকা (DHA) দিনাজপুর (DIN) যশোর (JES) রাজশাহী (RAJ) মাদরাসা (MAD) লিখতে হবে।

৩.২) উপরের **SMS** টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, কাঙ্খিত গ্রুপ, ভর্তির ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথম NSTU, তারপর স্পেস দিয়ে YES, স্পেস দিয়ে PIN, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য যে কোন একটি মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ **NSTU<space>YES<space>654321<space>01XXXXXXXXX**। এখানে ৬৫৪৩২১ এর জায়গায় আবেদনকারীর নিজ নিজ PIN টি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

| গ্রুপ | কী ওয়ার্ড | পরীক্ষার ফিস (ভ্যাটসহ) |
|---|---|---|
| A | A | ৫০০ টাকা |
| B | B | ৫০০ টাকা |
| C | C | ৪০০ টাকা |
| D | D | ৪৫০ টাকা |

৩.৩) আবেদনকারীর মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি SMS এর মাধমে সাথেসাথেই ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে।

৩.৪) O/A Level এর ক্ষেত্রে আবেদনকারীকে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে। এক্ষেত্রে বোর্ডের নামের জায়গায় GCE লিখতে হবে। উদাহরণ: **NSTU<space>GCE<space>123456<space>2014<space>A** । এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর A Level এর নিজ নিজ Candidate নম্বরটি বসাতে হবে এবং কেউ ২০১৩ সালে A Level পাশ করে থাকলে ২০১৪ এর জায়গায় ২০১৩ লিখতে হবে। একইভাবে B গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় C লিখতে হবে এবং D গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় D লিখতে হবে।

৩.৫) কোটায় ছাত্রছাত্রী ভর্তি সম্পর্কিতঃ

নিম্নোক্ত কোটায় ভর্তিচ্ছু ছাত্রছাত্রী আবেদন করতে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে। মুক্তিযোদ্ধা সন্তান কোটা (FFQ), উপজাতি কোটা (TQ)

উদাহরণ: **NSTU<space>COM<space>123456<space>2014<space> COM<space>123456<space>2012<space>A<space>**FFQ

একইভাবে B গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় C লিখতে হবে এবং D গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় D লিখতে হবে।

**<u>বিশেষভাবে লক্ষ্যণীয়:</u>**

ক) একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে একাধিক আবেদন করা যাবে তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্যে আবেদনকারীর যে কোন একটি মোবাইল ফোন নম্বর দিতে হবে।

খ) যেকোন সময় এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে।

গ) A, B, C এবং D গ্রুপের জন্য আলাদা আলাদা ভাবে SMS করে আবেদন করতে হবে।

ঘ) উপরে উল্লেখিত পরীক্ষার ফিস ভ্যাটসহ দেয়া হয়েছে এবং কোন গ্রুপে ভুলবশতঃ SMS করে আবেদন করে ফেললে তা প্রত্যাহার করা যাবে না।

ঙ) বিজ্ঞান শাখা থেকে HSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা চার গ্রুপেই (A, B, C এবং D) আবেদন করতে পারবে। অন্যরা শুধু C ও D গ্রুপে আবেদন করতে পারবে।

চ) A, B, C এবং D গ্রুপের জন্য ভিন্ন ভিন্ন মেধা তালিকা তৈরী করা হবে।

ছ) <u>আবেদনকৃত শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষার দিন HSC বা সমমান এর মূল রেজিস্ট্রেশন কার্ডের দুই কপি সত্যায়িত ফটোকপি এবং দুই কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ছবির পেছনে পরীক্ষার্থীর নাম, SMS এর মাধ্যমে প্রাপ্ত রোল নম্বর বাংলা ও ইংরেজিতে লিখে উক্ত ছবি দুইটির প্রত্যকটিকে পৃথকভাবে ফটোকপিকৃত রেজিস্ট্রেশন কার্ডের বাম দিকে উপরে স্টাপলার পিন দিয়ে সংযুক্ত করে অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। এগুলো ছাড়া কেউই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপির উপরের অংশে উক্ত রোল নম্বর বাংলা ও ইংরেজিতে লিখতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষার হলে পরীক্ষার্থী কর্তৃক আনিত HSC বা সমমান পরীক্ষার ফটোকপিকৃত (সত্যায়িত) দুইটি রেজিস্ট্রেশন কার্ডের একটি শিক্ষার্থীকে প্রবেশ পত্র হিসেবে প্রদান করবে। অন্যটি পরীক্ষার হলে জমা রাখা হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তা সংরক্ষণ করবে।</u>

জ) O/A Level থেকে পাশকৃত ছাত্রছাত্রীদের ভর্তি পরীক্ষার দিন GCE O ও A Level এর গ্রেড শীটের সত্যায়িত ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

ঝ) **কোটায় ভর্তিঃ** মুক্তিযোদ্ধা ও উপজাতি প্রার্থীদের জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে।

ঞ) পরীক্ষার হলে কোন ইলেকট্রনিক ডিভাইস যেমন কম্পিউটার/ট্যাব, মোবাইল ফোন, Programmable Calculator, Programmable ঘড়ি ইত্যাদি আনা নিষিদ্ধ। তবে Casiofx-570MS বা তার নিম্নে মডেলের সাধারণ Calculator আনা যাবে। তবে ES সিরিজের Calculator আনা যাবে না।

ট) **আবেদনের সময়সীমাঃ ২০ সেপ্টেম্বর ২০১৪ হতে ৩১ অক্টোবর ২০১৪ (রাত ১২.০০ টা) পর্যন্ত।**

৪. ভর্তি পরীক্ষার তারিখ ও সময়ঃ
A গ্রুপঃ ২১ নভেম্বর ২০১৪, সকাল ১০.৩০ টা থেকে ১২.০০ টা পর্যন্ত।
C গ্রুপঃ ২১ নভেম্বর ২০১৪, বিকাল ৩.০০ টা থেকে ৪.০০ টা পর্যন্ত।
B গ্রুপঃ ২২ নভেম্বর ২০১৪, সকাল ১০.৩০ টা থেকে ১২.০০ টা পর্যন্ত।
D গ্রুপঃ ২২ নভেম্বর ২০১৪, বিকাল ৩.০০ টা থেকে ৪.০০ টা পর্যন্ত।

৫. ভর্তি পরীক্ষাঃ (পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে)।

৬. **<u>A গ্রুপের জন্যঃ</u>** বাংলা ও ইংরেজী, পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত এবং জীববিজ্ঞান বিষয়ের উপর প্রত্যেকটিতে ২৫ করে ১২৫টি প্রশ্ন থাকবে। পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত প্রত্যেক পরীক্ষার্থীর জন্য অত্যাবশ্যক। বাংলা ও ইংরেজী এবং জীববিজ্ঞান হতে যেকোন একটির উত্তর দিতে হবে। তবে এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড হ্যাজার্ড স্টাডিজ বিভাগের ক্ষেত্রে জীববিজ্ঞান হতে উত্তর দেয়া আবশ্যক। মোট নম্বর হবে ১০০। পরীক্ষার পাশ নম্বর ৪০।

**<u>B গ্রুপের জন্যঃ</u>** পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত এবং জীববিজ্ঞান বিষয়ের উপর প্রত্যেকটিতে ২৫ করে ১০০টি প্রশ্ন থাকবে। মোট নম্বর হবে ১০০। পরীক্ষার পাশ নম্বর ৪০।

**<u>C গ্রুপের জন্যঃ</u>** বাংলা ও ইংরেজী বিষয়ে পরীক্ষা হবে। মোট নম্বর হবে ১০০। ইংরেজী বিষয়ে ৬০ এবং বাংলা বিষয়ে ৪০ নম্বর থাকবে। পরীক্ষায় পাশ নম্বর ৪০। তবে ইংরেজী এবং বাংলায় যথাক্রমে কমপক্ষে ৩০ ও ১০ নম্বর পেতে হবে।

**<u>D গ্রুপের জন্যঃ</u>** বিজনেস এডমিনিস্ট্রেশন এবং ইকনোমিক্স এন্ড পোভার্টি স্টাডিজ বিভাগে ভর্তি পরীক্ষায় গণিত-৩০ (মাধ্যমিক পর্যায়ের), ইংরেজি-৩০, অ্যানালাইটিক্যাল অ্যাবিলিটি-৩০ এবং সাধারণ জ্ঞান-১০। মোট নম্বর হবে ১০০। পরীক্ষায় পাশ নম্বর ৪০।

৬.১. ভর্তি পরীক্ষার MCQ পদ্ধতির উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহ করা হবে। উত্তর পত্রে সঠিক উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের 'নির্দেশাবলী' অংশে বর্ণিত থাকবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি উত্তরপত্র সরবরাহ করা হবে। <u>পরীক্ষার হলে প্রার্থীদের মোবাইল ফোন ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।</u>

৬.২. উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।

**৭. স্টুডেন্ট ফি-চার্জঃ** ভর্তিকালীন সময়ে একজন ছাত্রকে প্রথম টার্মের জন্য আনুমানিক ২০,০০০ (বিশ হাজার) টাকা ভর্তি ফি-চার্জ প্রদান করতে হবে।

৮. **মেধাস্কোর ও মেধাক্রমঃ**

৮.১. মেধা তালিকা তৈরি করা হবে ২০০ নম্বরের ভিত্তিতে; ১. মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত বা হিসাবকৃত, ৪র্থ বিষয়সহ, GPA এর ৮ গুণ, ২. উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত বা হিসাবকৃত, ৪র্থ বিষয়সহ, GPA এর ১২ গুণ, এবং ৩. ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর।

৮.২. একাধিক প্রার্থীর মেধাস্কোর সমান হলে পর্যায়ক্রমে ভর্তি পরীক্ষার নম্বর, HSC ও SSC গ্রেড প্রাধান্য পাবে।

৮.৩. ভর্তি পরীক্ষায় কৃতকার্য ছাত্রছাত্রীদের মধ্য থেকে প্রয়োজনমতো মেধানুসারে বিষয় নির্বাচনের জন্য ডাকা হবে। এ সময় বিষয় পছন্দের শর্ত মেনে চলা হবে। আসন শূণ্য থাকা সাপেক্ষে অপেক্ষমাণ তালিকা থেকে ডাকা হবে।

৯. নির্বাচিত প্রার্থী ভর্তির দিন ভর্তি প্রক্রিয়াকরণ কমিটির আহ্বায়কের নিকট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীট জমা দিতে হবে। নির্দেশিত সময়ের মধ্যে মূল গ্রেডশীট জমা দিতে ব্যর্থ হলে প্রার্থীর নির্বাচন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। শূণ্য আসনে মেধাক্রমের পরবর্তী প্রার্থীকে বিষয়ের শর্ত পূরণ সাপেক্ষে ভর্তির জন্য নির্বাচন করা হবে। বিষয় নির্বাচনের পর ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীরা নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফি-চার্জ অগ্রণী ব্যাংক লিঃ,নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) শাখায় জমা দিয়ে ভর্তি হবে।

১০. **বিষয় পছন্দের শর্তঃ**

| বিভাগের নাম | | উচ্চমাধ্যমিক/সমমান/ A লেভেলে অধীত বিষয় হতে হবে |
|---|---|---|
| A গ্রুপ | কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত |
| | এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত |
| | এপ্লায়েড ম্যাথমেটিক্স | পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত |
| | এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড হ্যাজার্ড স্টাডিজ | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান |
| | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি | পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত |
| B গ্রুপ | ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান |
| | ফার্মেসী | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান |
| | মাইক্রোবায়োলজী | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান |
| | ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান |
| | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান |
| | কোস্টাল এগ্রিকালচার | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান |
| C গ্রুপ | ইংরেজী | |
| D গ্রুপ | বিজনেস এডমিনিস্ট্রেশন | |
| | ইকোনোমিক্স এন্ড পোভার্টি স্টাডিজ | |

বি.দ্র. ১. কোন পরীক্ষার্থীর বিরুদ্ধে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগ থাকলে তার পরীক্ষা বাতিল করা হবে ২. ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যে কোন ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন এবং পুন:সংযোজনের অধিকার ভর্তি কমিটি সংরক্ষণ করে ৩. ভর্তি পরীক্ষার সীট প্ল্যান, পরীক্ষার ফলাফল ও অন্যান্য তথ্যাবলী SMS, বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd)এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানতে পারবে ৪. মেধাবী ও আর্থিকভাবে অসচ্ছল ছাত্রছাত্রীদের জন্য বৃত্তির ব্যবস্থা আছে।

আবেদন সংক্রান্ত টেকনিক্যাল বিষয়ে মোবাইল ০১৮৩৬৩৫০৭১০ এবং ই-মেইল belal.nstu@gmail.com-এ যোগাযোগ করা যাবে।

এছাড়াও ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনে (অফিস চলাকালীন সময়ে) মোবাইল নম্বর-০১৭৬৫৫৯২৬৫৪ অথবা infonstu@yahoo.com এ যোগাযোগ করা যাবে।

**প্রফেসর মোঃ মমিনুল হক**
রেজিস্ট্রার
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়